

BEN(H) - I

P-I

BNGA(HN)-01

West Bengal State University

B.A./B.Sc./B.Com (Honours, Major, General) Examinations, 2015

PART - I

বাংলা — সাম্মানিক

প্রথম পত্র

সময় : ৪ ঘন্টা

পূর্ণমান : ১০০

উত্তর যথাসন্তুষ্টি নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

- ১। চর্যাপদ আবিষ্কারের সংক্ষিপ্ত বিবরণ দাও। চর্যার প্রতিফলিত লোকায়ত জীবনের পরিচয় বিবৃত করো।
প্রসঙ্গত চর্যার ভাষা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৩ + ৮ + ৮

অথবা

মধ্যযুগে বাংলা অনুবাদ সাহিত্য সৃষ্টির সম্ভাব্য কারণ উল্লেখ করে কৃতিবাদের আত্মজীবনী ও তাঁর
কাব্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩ + ৫ + ৭

অথবা

বাংলা সাহিত্যের ইতিহাসে আরাকান রাজসভার সাহিত্যারার অভিনবত্বের তাৎপর্য ব্যাখ্যা করো। দৌলত
কাজীর কবিকৃতির উল্লেখ করে কেন তাঁকে ঐ ধারার শ্রেষ্ঠ কবির মর্যাদা দেওয়া হয় আলোচনা করো। ৫ + ১০

- ২। শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজকে বাংলা গদ্যের ‘সুতিকাগার’ বলার কারণগুলি উল্লেখ করে
বাংলা গদ্য ভাষার ক্রমবিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব নিরূপণ করো। ৫ + ১০

অথবা

বাংলা কাব্যসাহিত্যে মধুসূদন দত্তের কৃতিত্ব ও অবদান সম্পর্কে আলোচনা করো। ১৫

অথবা

গণনাট্টের বৈশিষ্ট্য উল্লেখ করে বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের ভূমিকা ও স্বাতন্ত্র্য সম্পর্কে আলোচনা
করো। ৫ + ১০

৩। প্রভাতকুমার মুখোপাধ্যায়ের ছোটো গল্লের বৈশিষ্ট্যের উল্লেখ করে বাংলা কথাসাহিতে তাঁর কৃতিত্বের
পরিচয় দাও। ১৫

অথবা

আধুনিক বাংলা কাব্যধারায় কবি জসীমউদ্দিন অথবা জীবনানন্দ দাশের কৃতিত্ব নির্ণয় করো। ১৫

অথবা

বাংলা উপন্যাসের ধারায় আশাপূর্ণ দেবীর কৃতিত্বের পরিচয় দাও। ১৫

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 10 = 10$

(ক) ভারতচন্দ্র কার রাজসভার সভাকবি ছিলেন ? তাঁর কাব্যের নাম কী ? কাব্যটিতে নতুন যুগ লক্ষণ
কীভাবে ফুটে উঠেছে তা আলোচনা করো। $1 + 1 + 8$

(খ) ‘কল্লোল যুগ’ বলতে কী বোঝো ? এই যুগের একজন কবির কবিতার বৈশিষ্ট্য উল্লেখ করো।

৮ + ৬

(গ) বাংলা আধুনিক নাট্যসাহিত্যের ধারায় উৎপল দত্তের কৃতিত্ব ও স্বাতন্ত্র্য বিচার করো। ১০

৫। প্রতি গুচ্ছ থেকে একটি করে যে-কোনো তিনটি গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও : $3 \times 5 = 15$

(ক) পরাগলী মহাভারত, চৈতন্যচরিতামৃত, অনন্দামঙ্গল।

(খ) কৃষ্ণকুমারী, বিষবৃক্ষ, কুহ ও কেকা।

(গ) ঢোঁডাইচরিত মানস, সাগর থেকে ফেরা, লাল শালু।

৬। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $1 \times 15 = 15$

(ক) আদি মধ্য বাংলার কালসীমা নির্দেশ করে তার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উপযুক্ত দৃষ্টান্তসহ
আলোচনা করো। ৩ + ১২

(খ) শব্দার্থ পরিবর্তনের কারণগুলি সংক্ষেপে উল্লেখ করে বাংলা ভাষার শব্দার্থ পরিবর্তনের প্রধান
ধারাগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫ + ১০

(গ) ‘বাংলা শব্দ প্রধানত দুই জাতির — মৌলিক ও আগন্তুক।’ উদাহরণসহ আলোচনা করো। ১৫

৭।	যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :	$1 \times 15 = 15$
(ক)	উদাহরণসহ যে-কোনো পাঁচটির সংজ্ঞা নির্দেশ করো :	5×3
	অপিনিহিতি, স্বরসঙ্গতি, শ্রতিধ্বনি, নাসিকীভবন, সমাক্ষর লোপ, সংকর শব্দ, মৃধনীভবন, বর্ণ বিপর্যয়।	
(খ)	যে-কোনো পাঁচটির ভাষাতাত্ত্বিক ঢিকা লেখো :	5×3
	দাঁত, রাই, দেরাজ, পো, আট, আইবুড়ো, ভাত, আলতা, সাঁকো।	
